

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নম্বর-১৮.০০.০০০০.০১৬.১৯.০৪৪.১৭-

৫২৪

তারিখঃ ২৩-০৩-২০২০

বিষয়ঃ নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক করোনা ভাইরাস (কভিড-১৯) প্রতিরোধে পদক্ষেপসমূহ।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নৌপরিবহন মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক করোনা ভাইরাস (কভিড-১৯) প্রতিরোধে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

১. নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয় সকল দপ্তর/সংস্থার সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে করোনা ভাইরাস বিষয়ক বর্তমান পরিস্থিতি ও করণীয় সম্পর্কে নিয়মিত যোগাযোগ ও নির্দেশনা প্রদান করেন;
২. সারাদেশের নদী বন্দরসমূহে জনসচেতনতার জন্য ব্যানার, ফ্যাস্টুন এবং লিফলেট বিতরণ এবং স্বাস্থ্য বিধির উপর মাইকিং চলমান রয়েছে।
৩. ঢাকা নদী বন্দরসহ সকল নদী বন্দরে মোবাইল কোর্টের মাধ্যমে করোনা বিষয়ক নির্দেশনা পালনে লঞ্চ মালিককে নির্দেশনা এবং যাত্রীদের তদারকি করা হচ্ছে। জরুরি প্রয়োজন ছাড়া নৌপথে যাত্রা সীমিতকরণ ও স্বাস্থ্যবিধি পালনে মোবাইলে এস.এম.এস এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার করা হচ্ছে। নির্দেশনা না মানার ক্ষেত্রে লঞ্চ মালিকদের জরিমানা করা হচ্ছে।
৪. চট্টগ্রাম বন্দরসহ সকল বন্দর দিয়ে আগত জাহাজগুলোকে পর্যবেক্ষণে রাখা হচ্ছে এবং জাহাজে নাবিক ও ক্রুদের কে শোরে (Shore) অবতরণ না করার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে;
৫. বিদেশ থেকে আগত জাহাজের সকল নাবিক, ক্রু এবং বিদেশীদের তথ্য বন্দর কর্তৃপক্ষের মেডিকেল সেন্টারে প্রদানের নির্দেশনা দেওয়া হয়েছে;
৬. মন্ত্রণালয়াদীন সকল বন্দরে কোয়ারেন্টাইন সেল খোলা হয়েছে;
৭. সভা, সেমিনারসহ অন্যান্য প্রয়োজনে আগত বিদেশীদের বন্দর কর্তৃপক্ষের নিজস্ব মেডিকেল সেন্টারে স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে;
৮. চট্টগ্রাম বন্দরসহ সকল বন্দরের হাসপাতালসমূহে সন্দেহজনক করোনা ভাইরাস আক্রান্ত রোগীর জন্য 'আইসোলেটেড কেবিন' এর ব্যবস্থা করা হয়েছে;
৯. সন্দেহজনক করোনা ভাইরাস আক্রান্ত রোগীদের পাশ্চাতী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরের জন্য এ্যাম্বুলেন্স সার্বক্ষণিক প্রস্তুত রাখা হয়েছে;
১০. সর্বোচ্চ সতর্কতা ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রত্যেকটি বন্দরে প্রশাসন বিভাগ, পরিবহন বিভাগ, ও নিরাপত্তা বিভাগের সহায়তায় কমিটি গঠন করা হয়েছে;
১১. করোনা ভাইরাস সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বন্দরের প্রধান নিরাপত্তা গেইটে করোনা ভাইরাস সম্পর্কে যাবতীয় তথ্য সম্বলিত একটি ইলেকট্রনিক বিল বোর্ড স্থাপন করা হয়েছে;
১২. বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ হতে লঞ্চের ডেক, কেবিন, খোলা জায়গা পরিষ্কার/পরিচ্ছন্ন (জীবাণুমুক্তকরণ), যাত্রীদের মাস্ক ব্যবহারে উদ্বুদ্ধকরণ, লঞ্চ উঠার সময় হ্যান্ড স্যানিটাইজারের মাধ্যমে হাত স্প্রে করার ব্যবস্থা এবং বিদেশ ফেরত যাত্রীদের অন্যান্য যাত্রীদের থেকে নিরাপদ দূরত্বে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য লঞ্চ মালিক সমিতি-কে নির্দেশনা দেওয়া হয়েছে;

৫২৪

চলমান পাতা/২

১৩. স্থল বন্দরের ক্ষেত্রে বর্তমানে ভারতসহ সকল বিদেশী যাত্রীদের বাংলাদেশে আগমন আপাততঃ বন্ধ রয়েছে। এছাড়াও জেলা সিভিল সার্জনের কার্যালয়/স্থানীয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে নিয়োজিত চিকিৎসক/স্বাস্থ্যকর্মীগণের সাথে সমন্বয় করে ভারত হতে আগত যাত্রীদের থার্মাল স্ক্যানার দ্বারা পরীক্ষা করে বাংলাদেশে প্রবেশের ব্যবস্থা করা হয়েছে।
১৪. স্বাস্থ্য সেবা বিভাগের সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সকল দপ্তর/সংস্থাকে অনুরোধ জানানো হয়েছে এবং এ বিষয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশ দেওয়া হয়েছে; এবং
১৫. বর্তমান বিরাজমান পরিস্থিতিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের দাপ্তরিক কার্য সম্পাদনের জন্য একটি Standard Operating Procedure (SoP) প্রণয়ন করা হয়েছে।


২৩.০৩.২০২০
(রেবেকা সুলতানা)
উপসচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫১৫৫৫১

sas.admin1@mos.gov.bd

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন)/যুগ্মসচিব (প্রশাসন) নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।